AKASHVANI SILCHAR
REGIONAL NEWS UNIT
MORNING / EVENING NEWS BULLETIN
BENGALI
ALL INDIA RADIO NEWS
आकाशवाणी समाचार

News Service Division
All India Radio, Silchar
airnewssilchar@gmail.com
09435170932
on Facebook:
https://www.facebook.com/allindiaradionewssilchar/
on Twitter:
https://twitter.com/airnews_silchar
On Youtube:
https://www.youtube.com/@AIRNewsSilchar

MORNING NEWS BULLETIN

DATE: 4 November 2026 **TIME: 7:35 AM IST**

পশ্চিম এশিয়ার যুদ্ধের জন্যই রাজ্যে বিদ্যুত মাশুল সামান্য বৃদ্ধি পেয়েছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সম্প্রতি জানিয়েছেন । তবে বিদুৎতের এই মাসুল বৃদ্ধি ক্ষণস্থায়ী বলে মূখ্যমন্ত্রী জানান । গতকাল গুয়াহাটীর অটল বিহারী বাজপেয়ী ভবনে আয়োজিত রাজ্য বিজেপির কোর কমিটির বৈঠকের শেষে মূখ্যমন্ত্রী সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে একথা জানান ।

বাইট

উল্লেখ্য রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকিয়ার পৌরহিত্যে অনুষ্ঠিত কোর কমিটির এই বৈঠকে নতুন প্রভারী ও সহ-প্রভারীর উপস্থিতিতে রাজ্যের স্ব-শাসিত পরিষদ , নিগম নির্বাচন সহ অন্যান্য বেশ কয়েকটি বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয় । আগামী এপ্রিল -মে মাসে গুয়াহাটী পৌর নিগমের নির্বাচন অনুষ্ঠিত হবে বলে মূখ্যমন্ত্রী বৈঠকে জানান ।

এছাড়া মূখ্যমন্ত্রী শিলচর পৌর নিগমের মেয়র ও উপ-মেয়র নির্বাচনের জন্য রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়াকে দায়িত্ব প্রদান করার কথাও জানান । এই বৈঠকের অন্যান্য সিদ্ধান্তের বিষয়ে মূখ্যমন্ত্রী

ড.শর্মা জানান যে নতুন বিধায়কদের জন্য আগামী ১৯ ও ২০ শে ডিসেম্বর প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হবে ।

.....

গৌহাটী হাইকোর্টের একজনের বিচারপীঠ আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য হিসেবে অধ্যাপক রাজীব মোহন পন্থের নিযুক্তি দেওয়াকে অবৈধ বলে ঘোষনা করা রায়কে স্থগিত রাখার নির্দেশ দিয়েছে গৌহাটী হাইকোর্টের ডিভিশন বেঞ্চ । ডিভিশন বেঞ্চের এই নির্দেশের ফলে

অধ্যাপক রাজীব মোহন পন্থ আপাতত আসাম বিশ্ববিদ্যালয়ের উপচার্য্য পদে বহাল থাকছেন । উল্লেখ্য এর আগে গৌহাটী হাইকোর্টের একজনের বিচারপীঠ অধ্যাপক রাজীব মোহন পন্থকে উপাচার্য্য হিসেবে নিযুক্তি দেওয়াকে অবৈধ বলে ঘোষনা করে রায় দিয়েছিল । সেই রায়কে প্রত্যাহ্বান জানিয়ে করা আবেদনের পরিপ্রেক্ষিতে আজ ডিভিশন বেঞ্চ ঐ রায়ের উপর স্থগিতাদেশ জারী করেছে । আগামী জানুয়ারী মাসে এই মামলার পরবর্তী শুনানীর দিন ধার্য্য করা হয়েছে ।

.....

হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে আসন্ন কালীপূজা ও দিপাবলী উপলক্ষ্যে বাজি বিক্রির ক্ষেত্রে কিছু নির্দেশিকা জারী করা হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে বৈধ লাইসেন্স ছাড়া অস্থায়ী দোকান ও খোলা স্টলে সবুজ বাজী মজুদ বা বিক্রী করা যাবে না । অস্থায়ী বাজী বিক্রেতাদের বৈধ অনুমতি নিয়ে বাজী করতে বলা হয়েছে এবং অস্থায়ী স্টলগুলির মধ্যে নূন্যতম তিন মিটার দূরত্ব বজায় রাখতে হবে এবং কোন স্থায়ী ভবন থেকে কমপক্ষে ৫০ মিটার দূরত্ব বজায় রাখতে হবে । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

.....

শ্রীভূমি জেলায় শারদীয়া দূর্গা পূজার দশমীর দিন সংগঠিত অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে বাঙ্গালী সম্প্রদায়কে নিয়ে আপত্তি জনক মন্তব্য করার অভিযোগে নবীন চন্দ্র কলেজের এক অধ্যাপিকার বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহনের দাবী জানিয়েছে গ্রেটার বদরপুর সিটিজেনস ফোরাম । এ উপলক্ষ্যে ফোরামের পক্ষ থেকে এ মর্মে গতকাল বদরপুর চক্র আধিকারীকের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয় । সংগঠনের অভিযোগ , সংশ্লিষ্ট অধ্যাপিকা বাঙ্গালী সম্প্রদায়কে নিয়ে আপত্তিজনক মন্তব্য করেছেন এবং বিষয়টির গুরুত্ব বিবেচনা করে প্রয়োজনীয় আইনী পদক্ষেপ গ্রহন করার দাবী জানানো হয়েছে ।

.....

হাইলাকান্দির অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে কাটলিছড়ার ২১তম এ পি ব্যাটেলিয়ান সদর দপ্তরে গুলি চালানোর মহড়ার জন্য আগামী ৭ই নভেম্বর পর্য্যন্ত ফারারিং রেঞ্জ এলাকায় বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । এই নিষেধাজ্ঞা প্রতিদিন সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্য্যন্ত কার্যকর থাকবে । নিষেধাজ্ঞা চলাকালীন সময় জনসাধারনকে এই এলাকা থেকে দূরে থাকতে অনুরোধ করা হয়েছে ।

.....

হাইলাকান্দি জেলায় লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতায় গতকালের দ্বিতীয় খেলায় অল টেরিটোরিয়াল এফ সি এবং ব্রজপুর ইলেভেন স্টারের মধ্যে খেলা ২-২ গোলে ড্র হয়েছে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের প্রথম খেলায় ব্লাড মাউথ এথেলেটেকি ক্লাব ওয়াক ওভার পেয়ে বিজয়ী হয়েছে , নির্ধারিত সময়ের মধ্যে প্রতিপক্ষ লক্ষীশহর এফ সি মাঠে আসে

নি । প্রতিযোগীতায় ৭ পয়েন্ট পেয়ে ব্লাড মাউথ ক্লাব শীর্ষে এবং অল জরিবন স্পোর্টস একাডেমী ৫ পয়েন্ট পেয়ে দ্বিতীয় হয়েছে ।